# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৮৩৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৩৩]

৪/ নিদ্রার আদব (كتاب آداب النوم)

পরিচ্ছেদঃ ১২৯: মজলিস ও বসার সাথীর নানা আদব-কায়দা

(129) بَابُ فِيْ آدَابِ الْمَجْلِسِ وَالْجَلِيْسِ

আরবী

وَعَنْ أَبي بَرْزَةَ رضي الله عنه، قَالَ: كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم يَقُولُ بِأَخَرَةٍ إِذَا أَرَادَ أنْ يَقُومَ مِنَ الْمَجْلِسِ: سُبْحَانَكَ اَللهم وَبِحَمْدِكَ، أَشْهَدُ أَنْ لاَ إِلٰهَ إِلاَّ أَنتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيكَ . فَقَالَ رَجُلٌ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، إنَّكَ لَتَقُولُ قَوْلاً مَا كُنْتَ تَقُولُهُ فِيمَا مَضَى ؟ قَالَ: « ذَلِكَ كَفَّارَةٌ لِمَا يَكُونُ في المَجْلِسِ ». رواه أَبُو داود، ورواه الحاكم أَبُو عبد الله في " المستدرك " من رواية عائشة رَضِيَ اللهُ عَنهَا وقال: «صحيح الإسناد

বাংলা

৯/৮৩৭। আবূ বারযাহ রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন কোন সভা থেকে উঠে চলে যাবার ইচ্ছা করতেন, তখন শেষের বেলায় এই দো'আ পড়তেন ''সুবহা-নাকাল্লা-হুম্মা অবিহামদিকা, আশহাদু আল্লা ইলা-হা ইল্লা আন্তা, আস্তাগফিরুকা অআতূবু ইলাইক।'' অর্থাৎ তোমার পবিত্রতা বর্ণনা করি হে আল্লাহ! তোমার প্রশংসার সাথে। আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমি ছাড়া কোন সত্য উপাস্য নেই। আমি তোমার নিকট ক্ষমা প্রার্থনা করছি এবং তোমার দিকে তওবা (প্রত্যাবর্তন) করছি।

একটি লোক নিবেদন করল, 'হে আল্লাহর রাসূল! আপনি যে দো'আ পড়লেন অতীতে তো তা পড়তেন না।' তিনি বললেন, ''এই দো'আটি মজলিসে (সংঘটিত ভুল-ত্রুটি)র কাফফারাস্বরূপ।'' (আবূ দাউদ, আবূ আব্দুল্লাহ হাকেম আয়েশা রাযিয়াল্লাহ আনহা হতে তাঁর মুস্তাদরাক নামক গ্রন্থে এই হাদীসটি বিশুদ্ধ সূত্রে বর্ণনা করেছেন।) [1]

## English

(129) Chapter: Etiquette of Attending company and sitting with Companions

Abu Barzah (May Allah be pleased with him) reported:
Towards the end of his life, Messenger of Allah (ﷺ) would supplicate before

leaving an assembly thus: "Subhanaka Allahumma wa bihamdika, ash-hadu an la ilaha illa Anta, astaghfiruka wa atubu ilaika (O Allah, You are free from every imperfection; all praise is for You. I testify that there is no true god except You, I ask Your forgiveness and turn to You in repentance).'' A man once said to him: "O Messenger of Allah! You have spoken such words as you have never uttered before.'' He said, "It is an expiation of that which goes on in the assembly.''

[Abu Dawud].

Commentary: Messenger of Allah (PBUH) would recite this supplication at the end of every assembly to teach his Ummah how to gain more rewards and to beseech Allah to forgive the lapses which they might have inadvertently committed during the course of a general conversation. There is no indication in the Hadith that he himself used to engage in idle talk while he was with his Companions.

## ফুটনোট

[1] আবূ দাউদ ৪৮৫৯, দারেমী ২৬৫৮

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ বারযা আল-আসলামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23869

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন